



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.৭২০০.০৪২.১৪.০১৩.১৭.৩৫৮

তারিখ: ০৯ ফাল্গুন ১৪২৮
২২ ফেব্রুয়ারি ২০২২

বিষয় : ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে জেলা পরিষদ, নেত্রকোণা এর অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : জেলা পরিষদ, নেত্রকোণা এর স্মারক জেপনে/XX, ১১/২০২২/৯৭১, তারিখ: ২৫ জানুয়ারি ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্মারকে ২০১৮-১৯, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে জেলা পরিষদ, নেত্রকোণা এর অনুকূলে এডিপি সাধারণ বরাদ্দের আওতায় মোট ৫৬৯.৫০ লক্ষ (পাঁচ কোটি ঊনসত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২৯৮টি প্রকল্পের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক নং-১৫২ বর্ণিত ১.০০ লক্ষ (এক লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে 'নেত্রকোণা সদর দৈনিক জননেত্র পত্রিকা অফিসে কম্পিউটার ও আসবাবপত্র সরবরাহ' সংক্রান্ত প্রকল্পটি ত্রুটিপূর্ণ প্রতীয়মান হওয়ায় তা পরিবর্তন করে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। পাশাপাশি, উক্ত প্রকল্পটি ব্যতীত অবশিষ্ট ২৯৭টি প্রকল্প ৫৬৮.৫০ লক্ষ (পাঁচ কোটি আটষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

Mohammad Tanzeer
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোণা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।